বাংলাদেশ ব্যাংকের অধীনে বিশাল নিয়োগ, আবেদন করুন আজই

বাংলাদেশ ব্যাংকের অধীনে ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত বিভিন্ন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে জনবল নিয়োগের বড় বিজ্ঞপ্তি প্রকাশ হয়েছে। এ নিয়োগে ৭ ধরনের পদে মোট ৬০৮ জনকে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী প্রার্থীরা অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারবেন।

ব্যাংক: বাংলাদেশ কৃষি ব্যাংক।

পদের নাম: প্রোগ্রামার।

পদসংখ্যা: ২টি।

শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজিতে স্নাতক বা সমমান।

বেতন: ৩৫,৫০০-৬৭,০১০ টাকা।

পদের নাম: সিনিয়র অফিসার (আইটি)।

পদসংখ্যা: ১৬৬টি।

ব্যাংক: সোনালী ব্যাংক।

শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স/ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং-সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।

বেতন: ২২,০০০-৫৩,০৬০ টাকা।

পদের নাম: অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার।

পদসংখ্যা: ৩৫টি।

ব্যাংক: সোনালী ব্যাংকে ৩১টি, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে ২টি,

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স করপোরেশনে ১টি ও কর্মসংস্থান ব্যাংকে ১টি।

শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিং- সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।

বেতন: ২২,০০০-৫৩,০৬০ টাকা।

পদের নাম: অ্যাসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (আইটি)।

পদসংখ্যা: ৬৯টি।

ব্যাংক: সোনালী ব্যাংকে ৪৭টি, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে ২টি ও প্রবাসী কল্যাণ ব্যাংকে ২টি।

শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি-সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।

বেতন: ২২,০০০-৫৩,০৬০ টাকা।

পদের নাম: অ্যাসিস্ট্যান্ট ডাটাবেজ অ্যাডমিনিস্ট্রেটর।

পদসংখ্যা: ২টি।

ব্যাংক: সোনালী ব্যাংক।

শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিং- সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।

বেতন: ২২,০০০-৫৩,০৬০ টাকা।

পদের নাম: অফিসার (আইটি)।

পদসংখ্যা: ৩৩২টি।

ব্যাংক: সোনালী ব্যাংকে ১৮৩টি, জনতা ব্যাংকে ১০০টি, অগ্রণী ব্যাংকে ৪৩টি, প্রবাসী কল্যাণ ব্যাংকে ৬টি।

শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স/ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং-সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।

পদের নাম: অ্যাসিস্ট্যান্ট নেটওয়ার্ক সিস্টেম ইঞ্জিনিয়ার।

পদসংখ্যা: ২টি।

ব্যাংক: রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিকাল অ্যান্ড ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিং- সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।

বেতন: ২২,০০০-৫৩,০৬০ টাকা।

আবেদনের পদ্ধতি: আগ্রহী প্রার্থীরা এ লিংকে গিয়ে অনলাইনের মাধ্যমে আবেদন করতে পারবেন।

আবেদনের ফি: ২০০ টাকা। তবে অনগ্রসর গোষ্ঠীর নাগরিকদের জন্য আবেদনের ফি ৫০ টাকা।

আবেদনের শেষ সময়: আগামী ২১ মে, ২০২৫।

সূত্র: যুগান্তর

৫ আগস্টের আগে তৈরি প্রশ্নপত্রে পরীক্ষা নেবে না পিএসসি

গত বছরের ৫ আগস্টের আগে তৈরি বা ছাপানো যেকোনো প্রশ্নপত্র ব্যবহার করে বিসিএসসহ নন–ক্যাডার পদে কোনো নিয়োগ পরীক্ষা না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকারি কর্ম কমিশন (পিএসসি)।

মঙ্গলবার পিএসসির এক সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।

পিএসসির একটি সূত্র জানায়, বর্তমান কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী, ৫ আগস্টের আগে তৈরি বা ছাপানো কোনো প্রশ্নপত্র বা ম্যানুস্ক্রিপ্ট ব্যবহার করে আর কোনো নিয়োগ পরীক্ষা আয়োজন করবে না কমিশন। পাশাপাশি বিজি প্রেসে আর কোনো নিয়োগ পরীক্ষার প্রশ্ন ছাপানো হবে না বলেও জানানো হয়েছে। পিএসসি চাকরিপ্রার্থীদের অনুরোধ করেছে, কোনো ভুল বা বিভ্রান্তিকর তথ্যে যেন প্রভাবিত না হন।

এদিকে ৪৬তম বিসিএসের লিখিত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস নিয়ে কিছু বিভ্রান্তিকর সংবাদ বিভিন্ন সংবাদমাধ্যমে প্রকাশিত হয়েছে, যা পিএসসির দৃষ্টিগোচর হয়েছে।

পিএসসি এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, ৪৬তম বিসিএসের লিখিত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের খবর সম্পূর্ণ ভিত্তিহীন এবং উদ্দেশ্যপ্রণোদিতভাবে ছড়ানো হয়েছে। এ ধরনের গুজব বা ভুয়া তথ্য বিসিএস পরীক্ষার্থী ও সংশ্লিষ্টদের বিভ্রান্ত করার জন্য প্রচার করা হচ্ছে, যা থেকে সবাইকে সতর্ক থাকার অনুরোধ জানানো হয়।

সংবাদমাধ্যমগুলোর প্রতি পিএসসি অনুরোধ জানিয়েছে, সরকারি কর্ম কমিশনের সঙ্গে তথ্য যাচাই না করে বিসিএস পরীক্ষা বা প্রশ্নপত্রসংক্রান্ত কোনো সংবাদ প্রচার না করার জন্য।

সূত্র: যুগান্তর

বছরে ২৯ লাখ টাকা বেতনে লোক নেবে অক্সফাম, কর্মস্থল ঢাকা

আন্তর্জাতিক দাতব্য সংস্থা অক্সফাম বাংলাদেশে কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। সংস্থাটি ঢাকায় হেড অব ইকোনমিক ইনক্লুশন অ্যান্ড জাস্টিস পদে বাংলাদেশি কর্মী নিয়োগ দেবে। আগ্রহী প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে।

পদের নাম: হেড অব ইকোনমিক ইনক্লুশন অ্যান্ড জাস্টিস

পদসংখ্যা: ১

যোগ্যতা ও অভিজ্ঞতা: বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন, ডেভেলপমেন্ট স্টাডিজ, সমাজবিজ্ঞান, ফেমিনিস্ট ইকোনমিকস বা এ ধরনের বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। জাতীয় বা আন্তর্জাতিক কোনো সংস্থায় ইকোনমিক ইনক্লুশন অ্যান্ড জাস্টিসে অন্তত ১০ বছর চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। এর মধ্যে ম্যানেজারিয়াল বা নেতৃত্বের পর্যায়ে অন্তত সাত বছর চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। নেতৃত্বের সক্ষমতা থাকতে হবে। মার্কেট অ্যাসেসমেন্ট, জেন্ডার–ট্রান্সফরমেটিভ ভ্যালু চেইন ডেভেলপমেন্ট, জেন্ডার লেন্স ইনভেস্টিং, সোশ্যাল এন্টারপ্রাইজ অ্যান্ড এমএসই ডেভেলপমেন্ট, স্কিল ডেভেলপমেন্ট অ্যান্ড টিভিইটি, ফুড সিকিউরিটি অ্যান্ড লাইভলিহুড, ক্যাপাসিটি অ্যাসেসমেন্ট ও ক্যাপাসিটি বিল্ডিংয়ে দক্ষ হতে হবে। পপুলার মোবিলাইজেশন, ফেমিনিস্ট রিসার্চ মেথোডলজি, পলিসি অ্যাডভোকেসি ও ক্যাম্পেইনে অভিজ্ঞতা থাকতে হবে। উপস্থাপনা ও যোগাযোগে দক্ষ হতে হবে।

চাকরির ধরন: চুক্তিভিত্তিক

কর্মস্থল: ঢাকা

কর্মঘণ্টা: সপ্তাহে ৩৭.৫ ঘণ্টা

বেতন ও সুযোগ–সুবিধা: বছরে (১৩ মাস) বেতন ২৯ লাখ ১৮ হাজার ২৫৫ টাকা। এ ছাড়া প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, ছুটি ও বিমার সুযোগ আছে।

আবেদন যেভাবে: আগ্রহী প্রার্থীরা আবেদন করতে এখানে ক্লিক করুন।

আবেদনের শেষ সময়: ১৯ এপ্রিল ২০২৫।

সূত্র: যুগান্তর

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশনে নিয়োগ বিজ্ঞপ্তি, পদ ১৩৩০

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধিভুক্ত পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) জনবল নিয়োগে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই ফাউন্ডেশনে দুই ক্যাটাগরির পদে নবম ও ১২তম গ্রেডে ১৩৩০ জনকে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে।

১. পদের নাম: উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা

পদসংখ্যা: ১৫৫

যোগ্যতা: স্বীকৃত কলেজ/বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর/সমমান ডিগ্রি থাকতে হবে।

শিক্ষাজীবনে কোনো ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। গ্রামীণ জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নে কাজ করার মানসিকতা সম্পন্ন হতে হবে এবং উপজেলা প্রশাসনের সঙ্গে সমন্বয়, কর্মী ব্যবস্থাপনা, ঋণ ও সঞ্চয় ব্যবস্থাপনাসংক্রান্ত কাজে আগ্রহ থাকতে হবে।

বয়স: ৩১ মার্চ ২০২৫ তারিখে ১৮ থেকে ৩২ বছর।

বেতন স্কেল: ২২,০০০–৫৩,০৬০ টাকা (গ্রেড–৯)

২. পদের নাম: মাঠ কর্মকর্তা

পদসংখ্যা: ১১৭৫

যোগ্যতা: স্বীকৃত কলেজ/বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএসহ স্নাতক/সমমান ডিগ্রি থাকতে হবে।

শিক্ষাজীবনে কোনো ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। উপজেলা পর্যায়ে পিডিবিএফের সুফলভোগী সদস্য/উদ্যোক্তাদের মধ্যে ঋণ বিতরণ, ঋণ আদায়, সঞ্চয় আহরণসহ ইত্যাদি কাজে আগ্রহী হতে হবে।

বয়স: ৩১ মার্চ ২০২৫ তারিখে ১৮ থেকে ৩২ বছর।

বেতন স্কেল: ১১,৩০০-২৭,৩০০ টাকা (গ্রেড–১২)

আবেদন যেভাবে

আগ্রহী প্রার্থীদের ওয়েবসাইটে ফরম পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।

অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ বা অন্য অপারেটর থেকে ০১৫০০১২১১২১–৯ পর্যন্ত কল অথবা alljobs.query@teletalk.com.bd ঠিকানায় ই-মেইলে যোগাযোগ করা যাবে। এ ছাড়া টেলিটকের জব পোর্টালের ফেসবুক পেজে মেসেজের মাধ্যমে যোগাযোগ করা যাবে। মেইল/মেসেজের সাবজেক্টে প্রতিষ্ঠান ও পদের নাম এবং ইউজার আইডি ও যোগাযোগের নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

আবেদন ফি

অনলাইনে ফরম পূরণের অনধিক ৭২ ঘণ্টার মধ্যে আবেদন ফি বাবদ ১ নম্বর পদের জন্য ২২৩ টাকা এবং ২ নম্বর পদের জন্য ১৬৮ টাকা টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর থেকে এসএমএসের মাধ্যমে জমা দিতে হবে।

সূত্র: যুগান্তর

পল্লী বিদ্যুতায়ন বোর্ডের চাকরির পরীক্ষার সূচি প্রকাশ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের হিসাবরক্ষক পদে আবেদন করা প্রার্থীদের নিয়োগ পরীক্ষার সময়সূচি প্রকাশিত হয়েছে। প্রতিষ্ঠানটির এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, হিসাবরক্ষক পদের লিখিত (এমসিকিউ) পরীক্ষা ১৯ এপ্রিল অনুষ্ঠিত হবে। কুর্মিটোলা হাইস্কুল অ্যান্ড কলেজ ও

মীরপুর গার্লস আইডিয়াল কলেজ—এই দুটি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

লিখিত (রচনামূলক) পরীক্ষা ২০ এপ্রিল অনুষ্ঠিত হবে। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের প্রশিক্ষণ একাডেমি ভবনে এ পরীক্ষা নেওয়া হবে। এ ছাড়া লিখিত (রচনামূলক) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়সূচি পরবর্তী সময়ে এই ওয়েবসাইটে বা মুঠোফোনে খুদে বার্তা বা নোটিশ বোর্ডের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

প্রার্থীদের অনুকূলে ডাকযোগে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। প্রার্থীদের এই ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করে প্রিন্ট করতে হবে। পরীক্ষার সময় অবশ্যই প্রবেশপত্র সঙ্গে আনতে হবে।

পরীক্ষার হলে মুঠোফোন, ক্যালকুলেটর, ডিজিটাল ঘড়ি, ব্যাগ ও যেকোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইস আনা যাবে না।

প্রার্থীদের পর্যাপ্ত সময় নিয়ে পরীক্ষাকেন্দ্রের উদ্দেশে রওনা হতে হবে। পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট আগে প্রার্থীদের নিজ নিজ আসন গ্রহণ করতে হবে।

পরীক্ষার হলে অসদুপায় অবলম্বন করলে কিংবা কর্তব্যরত শিক্ষকদের সঙ্গে অসদাচরণ করলে সংশ্লিষ্ট প্রার্থীর পরীক্ষা বাতিল করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো প্রকার টিএ বা ডিএ প্রদান করা হবে না।

প্রতিদিন ডেস্ক

জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষে নিয়োগ, পদ ৮৬

জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ জনবল নিয়োগে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এ প্রতিষ্ঠানে ১৮ ক্যাটাগরির পদে ৯ম থেকে ২০তম গ্রেডে ৮৬ জনকে

নিয়োগ দেওয়া হবে। আগ্রহী প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে।

১. পদের নাম: সহকারী স্থপতি

পদসংখ্যা: ১

যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্থাপত্যে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি।

বেতন স্কেল: ২২,০০০-৫৩,০৬০ টাকা (গ্রেড-৯)

২. পদের নাম: সহকারী পরিচালক

পদসংখ্যা: ২

যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অন্যূন প্রথম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির সম্মানসহ দ্বিতীয় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি।

বেতন স্কেল: ২২,০০০-৫৩,০৬০ টাকা (গ্রেড-৯)

৩. পদের নাম: সহকারী প্রকৌশলী (সিভিল)

পদসংখ্যা: ৫

যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পুরকৌশলে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি।

বেতন স্কেল: ২২,০০০-৫৩,০৬০ টাকা (গ্রেড-৯)

৪. পদের নাম: উপসহকারী প্রকৌশলী (সিভিল)

পদসংখ্যা: ৬

যোগ্যতা: স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট থেকে পুরকৌশলে দ্বিতীয় শ্রেণির ডিপ্লোমা।

বেতন স্কেল: ১৬,০০০-৩৮,৬৪০ টাকা (গ্রেড-১০)

৫. পদের নাম: উপসহকারী প্রকৌশলী (ই/এম)

পদসংখ্যা: ১

যোগ্যতা: স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট থেকে তড়িৎ বা যান্ত্রিক কৌশলে দ্বিতীয় শ্রেণির ডিপ্লোমা।

বেতন স্কেল: ১৬,০০০-৩৮,৬৪০ টাকা (গ্রেড-১০)

৬. পদের নাম: প্রশাসনিক কর্মকর্তা (এস্টেট)

পদসংখ্যা: ১

যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অন্যূন স্নাতকোত্তর ডিগ্রি।

বেতন স্কেল: ১৬,০০০-৩৮,৬৪০ টাকা (গ্রেড-১০)

৭. পদের নাম: বিভাগীয় হিসাবরক্ষক

পদসংখ্যা: ১

যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি।

বেতন স্কেল: ১৫,৫০০-৩০,২৩০ টাকা (গ্রেড-১১)

৮. পদের নাম: ব্যক্তিগত সহকারী কাম কম্পিউটার অপারেটর

পদসংখ্যা: ৫

যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অন্যূন স্নাতক ডিগ্রিসহ কম্পিউটার ডেটা এন্ট্রি অপারেশনে ফান্ডামেন্টাল কোর্স সার্টিফিকেট এবং বাংলা ও ইংরেজি শর্টহ্যান্ডে প্রতি মিনিটে নির্ভুল গতি যথাক্রমে ৫০ ও ৮০টি শব্দ এবং কম্পিউটারে বাংলা ও ইংরেজি টাইপিংয়ে প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দের নির্ভুল গতি থাকতে হবে।

বেতন স্কেল: ১১,০০০-২৬,৫৯০ টাকা (গ্রেড-১৩)

৯. পদের নাম: অডিটর

পদসংখ্যা: ১

যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি।

বেতন স্কেল: ৯,৭০০-২৩,৪৯০ টাকা (গ্রেড-১৫)

১০. পদের নাম: ড্রাফটসম্যান

পদসংখ্যা: ৩

যোগ্যতা: এসএসসি বা সমমান পাসসহ দুই বছর মেয়াদি ড্রাফটসম্যানশিপে দ্বিতীয় শ্রেণির ডিপ্লোমা এবং কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে।

বেতন স্কেল: ৯,৭০০-২৩,৪৯০ টাকা (গ্রেড-১৫)

১১. পদের নাম: অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর

পদসংখ্যা: ১৭

যোগ্যতা: দ্বিতীয় বিভাগে এইচএসসি পাসসহ কম্পিউটারে ফান্ডামেন্টাল কোর্স থাকতে হবে। কম্পিউটারে বাংলা ও ইংরেজি টাইপিংয়ে প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দের নির্ভুল গতি থাকতে হবে।

বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০ টাকা (গ্রেড-১৬)

১২. পদের নাম: হিসাব সহকারী

পদসংখ্যা: ৫

যোগ্যতা: বাণিজ্যে অন্যূন দ্বিতীয় বিভাগে এইচএসসি পাসসহ কম্পিউটারে ফান্ডামেন্টাল কোর্স থাকতে হবে। কম্পিউটারে বাংলা ও ইংরেজি টাইপিংয়ে প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দের নির্ভুল গতি থাকতে হবে।

বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০ টাকা (গ্রেড-১৬)

১৩. পদের নাম: ভার্টিকেল ট্রান্সপোর্ট অ্যাটেনডেন্ট (ভিটিএ)

পদসংখ্যা: ২

যোগ্যতা: এইচএসসি বা সমমান পাসসহ লিফট পরিচালনা ও রক্ষণাবেক্ষণে পাঁচ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০ টাকা (গ্রেড-১৬)

১৪. পদের নাম: জুনিয়র অডিটর

পদসংখ্যা: ২

যোগ্যতা: বাণিজ্যে অন্যূন দ্বিতীয় বিভাগে এইচএসসি পাসসহ কম্পিউটারে ফান্ডামেন্টাল কোর্স থাকতে হবে। কম্পিউটারে বাংলা ও ইংরেজি টাইপিংয়ে প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ৪০ শব্দের নির্ভুল গতি থাকতে হবে।

বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০ টাকা (গ্রেড-১৬)

১৫. পদের নাম: ড্রাইভার

পদসংখ্যা: ৩

যোগ্যতা: অষ্টম শ্রেণি পাস। হালকা ও ভারী যানবাহন চালানোর বৈধ লাইসেন্সসহ তিন বছরের বাস্তব অভিজ্ঞতা।

বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০ টাকা (গ্রেড-১৬)

১৬. পদের নাম: চেইনম্যান (শিকল বাহক)

পদসংখ্যা: ১

যোগ্যতা: অষ্টম শ্রেণি পাস। সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০ টাকা (গ্রেড-২০)

১৭. পদের নাম: এমএলএসএস

পদসংখ্যা: ১২

যোগ্যতা: অষ্টম শ্রেণি পাস।

বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০ টাকা (গ্রেড-২০)

১৮. পদের নাম: গার্ড

পদসংখ্যা: ১৮

যোগ্যতা: অষ্টম শ্রেণি পাস।

বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০ টাকা (গ্রেড-২০)

বয়সসীমা: সব পদের প্রার্থীর ক্ষেত্রেই ১ এপ্রিল ২০২৫ তারিখে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর হতে হবে। নিয়োগের ক্ষেত্রে সরকার নির্দেশিত কোটা অনুসরণ করা হবে।

আবেদন যেভাবে: আগ্রহী প্রার্থীদের এই ওয়েবসাইটে ফরম পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। নিয়োগসংক্রান্ত বিস্তারিত তথ্য এই লিংকে জানা যাবে।

আবেদন ফি: অনলাইনে ফরম পূরণের অনধিক ৭২ ঘণ্টার মধ্যে পরীক্ষার ফি বাবদ ১ থেকে ৬ নম্বর পদের জন্য ২০০ টাকা, টেলিটকের সার্ভিস চার্জ ২৩ টাকাসহ মোট ২২৩ টাকা; ৭ নম্বর পদের জন্য ১৫০ টাকা, টেলিটকের সার্ভিস চার্জ ১৮ টাকাসহ মোট ১৬৮ টাকা; ৮ থেকে ১৫ নম্বর পদের জন্য ১০০ টাকা, টেলিটকের সার্ভিস চার্জ ১২ টাকাসহ মোট ১১২ টাকা এবং ১৬ থেকে ১৮ নম্বর পদের জন্য ৫০ টাকা, টেলিটকের সার্ভিস চার্জ ৬ টাকাসহ মোট ৫৬ টাকা এবং সব গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থী) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০ টাকা, টেলিটকের সার্ভিস চার্জ ৬ টাকাসহ মোট ৫৬ টাকা টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর থেকে এসএমএসের মাধ্যমে জমা দিতে হবে।

আবেদনের সময়সীমা: ১৫ এপ্রিল থেকে ১৪ মে ২০২৫, বিকেল ৫টা পর্যন্ত।

সূত্র: যুগান্তর

৪৪ তম বিসিএসের চূড়ান্ত ফল জুনের মধ্যে

৪৪ তম বিসিএসের চূড়ান্ত ফল আগামী ৩০ জুনের মধ্যে প্রকাশ করা হবে। মঙ্গলবার (৮ এপ্রিল) পিএসসির প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠান শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে পিএসসি চেয়ারম্যান মোবাশ্বের মোনেম এ তথ্য জানান।

মোবাশ্বের মোনেম বলেন, আমরা ৪৪তম বিসিএস দ্রুত শেষ করার জন্য সবচেয়ে গুরত্ব দিয়ে কাজ করছি। ৪৪তম বিসিএসের ভাইভা ১৭ জুনের মধ্যে শেষ করা হবে। ভাইভা শেষে ৩০ জুনের মধ্যে ৪৪তম বিসিএসের চূড়ান্ত ফল প্রকাশ করা হবে।

৪৪তম বিসিএসের বিজ্ঞপ্তিতে বলা হয়েছিল, এই বিসিএসে বিভিন্ন ক্যাডারে ১ হাজার ৭১০ জন কর্মকর্তা নেওয়া হবে। এর মধ্যে প্রশাসন ক্যাডারে ২৫০ জন, পুলিশ ক্যাডারে ৫০, পররাষ্ট্র ক্যাডারে ১০, আনসার ক্যাডারে ১৪, নিরীক্ষা ও হিসাবে ৩০, কর ক্যাডারে ১১, সমবায়ে ৮, রেলওয়ে পরিবহন ও বাণিজ্যিকে ৭, তথ্যে ১০, ডাকে ২৩, বাণিজ্যে ৬, পরিবার পরিকল্পনায় ২৭, খাদ্যে ৩, টেকনিক্যাল ক্যাডারে ৪৮৫ ও শিক্ষা ক্যাডারে ৭৭৬ জন নেওয়া হবে।

৪৪তম বিসিএসে মোট আবেদন করেছিলেন ৩ লাখ ৫০ হাজার ৭১৬ জন।

সূত্র: যুগান্তর

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে নিয়োগ

ডিরেক্টর, ফিন্যান্স পদে একাধিক জনবল নেবে ব্র্যাক বিশ্ববিদ্যালয়। গত ২৯ মার্চ থেকেই আবেদন শুরু হয়েছে, চলবে ২৫ এপ্রিল পর্যন্ত। আগ্রহী নারী ও পুরুষ প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন।

প্রতিষ্ঠানের নাম: ব্র্যাক বিশ্ববিদ্যালয়

পদ ও পদসংখ্যা: ডিরেক্টর, ফিন্যান্স; নির্ধারিত নয়

শিক্ষাগত যোগ্যতা: ফিন্যান্স, অ্যাকাউন্টিং, ব্যবসায় প্রশাসন অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।

অন্যান্য যোগ্যতা: আর্থিক পরিকল্পনা, কর, ট্রেজারি ব্যবস্থাপনায় দক্ষতা

অভিজ্ঞতা: কমপক্ষে ১২ বছর

বেতন: আলোচনা সাপেক্ষে

অন্যান্য সুবিধা: প্রতিষ্ঠানের নীতিমালা অনুযায়ী নির্বাচিত প্রার্থীরা মাসিক বেতন ছাড়াও আরো বিভিন্ন সুযোগ-সুবিধা পাবেন।

আবেদন যেভাবে: আগ্রহী প্রার্থীরা ফুলটাইম চাকরির জন্য আবেদন করতে ও বিস্তারিত বিজ্ঞপ্তিটি দেখতে এখানে ক্লিক করুন।

আবেদনের সময়সীমা: ২৯ মার্চ থেকে ২৫ এপ্রিল ২০২৫ পর্যন্ত।

সূত্র: যুগান্তর

জনপ্রশাসন মন্ত্রণালয় নিয়োগ বিজ্ঞপ্তি, পদ ৫৫

জনপ্রশাসন মন্ত্রণালয় জনবল নিয়োগে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এ মন্ত্রণালয়ে সাত ক্যাটাগরির পদে ১২ থেকে ২০তম গ্রেডে ৫৫ জনকে নিয়োগ দেওয়া হবে। আগ্রহী প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে।

১. পদের নাম: হিসাবরক্ষক

পদসংখ্যা: ১

যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্য বিভাগে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি থাকতে হবে। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিংসহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১ মার্চ ২০২৫ তারিখে ১৮ থেকে ৩২ বছর হতে হবে।

বেতন স্কেল: ১১,৩০০-২৭,৩০০ টাকা (গ্রেড-১২)

২. পদের নাম: সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর

পদসংখ্যা: ১৭

যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক বা সমমানের ডিগ্রি

থাকতে হবে। কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত। সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ ও বাংলায় ৪৫ শব্দ; কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ থাকতে হবে। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিংসহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১ মার্চ ২০২৫ তারিখে ১৮ থেকে ৩২ বছর হতে হবে।

বেতন স্কেল: ১১,০০০-২৬,৫৯০ টাকা (গ্রেড-১৩)

৩. পদের নাম: কম্পিউটার অপারেটর

পদসংখ্যা: ৩

যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে। কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ থাকতে হবে।

বয়স: ১ মার্চ ২০২৫ তারিখে ১৮ থেকে ৩২ বছর হতে হবে।

বেতন স্কেল: ১১,০০০-২৬,৫৯০ টাকা (গ্রেড-১৩)

৪. পদের নাম: ক্যাশিয়ার

পদসংখ্যা: ১

যোগ্যতা: স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্য স্নাতক ডিগ্রি থাকতে হবে। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিংসহ কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১ মার্চ ২০২৫ তারিখে ১৮ থেকে ৩২ বছর হতে হবে।

বেতন স্কেল: ১০,২০০-২৪,৬৮০ টাকা (গ্রেড-১৪)

৫. পদের নাম: অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক

পদসংখ্যা: ৮

যোগ্যতা: এইচএসসি বা সমমান পাস। কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত। কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিংসহ

কম্পিউটার চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ১ মার্চ ২০২৫ তারিখে ১৮ থেকে ৩২ বছর হতে হবে।

বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০ টাকা (গ্রেড-১৬)

৬. পদের নাম: ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর

পদসংখ্যা: ৫

যোগ্যতা: এইচএসসি বা সমমান পাস। কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে।

বয়স: ১ মার্চ ২০২৫ তারিখে ১৮ থেকে ৩২ বছর হতে হবে।

বেতন স্কেল: ৯,৩০০-২২,৪৯০ টাকা (গ্রেড-১৬)

৭. পদের নাম: অফিস সহায়ক

পদসংখ্যা: ২০

যোগ্যতা: এসএসসি বা সমমান পাস।

বয়স: ১ মার্চ ২০২৫ তারিখে ১৮ থেকে ৩২ বছর হতে হবে।

বেতন স্কেল: ৮,২৫০-২০,০১০ টাকা (গ্রেড-২০)

আবেদন যেভাবে

আগ্রহী প্রার্থীদের এই ওয়েবসাইটে ফরম পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। নিয়োগসংক্রান্ত বিস্তারিত তথ্য এই লিংকে জানা যাবে। অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে কল অথবা alljobs.query@teletalk.com.bd ঠিকানায় ই-মেইলে যোগাযোগ করা যাবে। এ ছাড়া টেলিটকের জব পোর্টালের ফেসবুক পেজে মেসেজের মাধ্যমে যোগাযোগ করা যাবে। মেইল/মেসেজের সাবজেক্টে প্রতিষ্ঠান ও পদের নাম এবং ইউজার আইডি ও যোগাযোগের নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

আবেদন ফি

অনলাইনে ফরম পূরণের অনধিক ৭২ ঘণ্টার মধ্যে পরীক্ষার ফি বাবদ ১

নম্বর পদের জন্য ১৫০ টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ১৮ টাকাসহ মোট ১৬৮ টাকা; ২ থেকে ৬ নম্বর পদের জন্য ১০০ টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ১২ টাকাসহ মোট ১১২ টাকা; ৭ নম্বর পদের জন্য ৫০ টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ৬ টাকাসহ মোট ৫৬ টাকা এবং সব গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীদের পরীক্ষার ফি বাবদ ৫০ টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ৬ টাকাসহ মোট ৫৬ টাকা টেলিটক প্রিপেইড মোবাইল নম্বর থেকে এসএমএসের মাধ্যমে জমা দিতে হবে।

আবেদনের সময়সীমা: ১৫ এপ্রিল থেকে ১৪ মে ২০২৫, বিকেল ৫টা পর্যন্ত।

সূত্র: যুগান্তর

আনসার ব্যাটালিয়নে চাকরির সুযোগ, আবেদন করুন আজই

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী জনবল নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। বাহিনীর আনসার ব্যাটালিয়নের সিপাহি পদে শুধু পুরুষ প্রার্থীদের কাছ থেকে আবেদন চাওয়া হয়েছে। আগ্রহী প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে।

আবেদনের যোগ্যতা

আবেদনের জন্য প্রার্থীকে কমপক্ষে এসএসসি বা সমমান পাস হতে হবে। ২০২৫ সালের ১২ এপ্রিল বয়স ১৮ থেকে ২২ বছরের মধ্যে থাকতে হবে। শারীরিক যোগ্যতার ক্ষেত্রে উচ্চতা সাধারণ ও অন্যান্য প্রার্থীর ক্ষেত্রে ৫ ফুট ৬ ইঞ্চি এবং ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে ৫ ফুট ৪ ইঞ্চি হতে হবে। সাধারণ ও অন্যান্য প্রার্থীর ক্ষেত্রে ওজন ৪৯ দশমিক ৮৯৫ কেজি, বুকের মাপ ৩২-৩৪ ইঞ্চি এবং ক্ষুদ্র জাতিগোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে ওজন ৪৭ দশমিক ১৭৩ কেজি, বুকের মাপ ৩০-৩২ ইঞ্চি। সব প্রার্থীর দৃষ্টিশক্তি লাগবে ৬/৬।

প্রার্থীকে অবশ্যই অবিবাহিত হতে হবে। তালিকাভুক্ত আনসার-ভিডিপি

সদস্য ও ক্রীড়াক্ষেত্রে অসামান্য কৃতিত্বের অধিকারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

যেভাবে আবেদন

ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) অথবা যেকোনো অনলাইন সুবিধাসম্পন্ন কম্পিউটার থেকে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ওয়েবসাইটে ‘আনসার ব্যাটালিয়নের সিপাহি পদের জন্য আবেদন’ লিংকে ক্লিক করে আবেদনপত্র পূরণ করতে হবে। লিংকটি ২৪ মার্চ থেকে ১২ এপ্রিল ২০২৫ পর্যন্ত সক্রিয় থাকবে। অনলাইনে রেজিস্ট্রেশনকালীন নির্ধারিত ফি আবেদন পোর্টালে প্রদর্শিত মানি ট্রান্সফার পদ্ধতি অনুসরণ করে অর্থ জমা দিতে হবে।

নিবন্ধন সম্পন্ন হলে অনলাইন থেকে আবেদনপত্রটি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে। আবেদনকালে প্রার্থীর নিজ মোবাইল নম্বরে এসএমএসের মাধ্যমে প্রাপ্ত ইউজার আইডি ও পাসওয়ার্ড সংরক্ষণ করতে হবে, যা পরে প্রবেশপত্র ডাউনলোড করতে প্রয়োজন হবে। অনলাইনে আবেদন ও ফি পরিশোধসংক্রান্ত কোনো সমস্যা হলে পরামর্শের জন্য ০৯৬৭৭১১২২৪৪ নম্বরে যোগাযোগ করতে হবে। এই লিংকে নিয়োগসংক্রান্ত বিস্তারিত তথ্য জানা যাবে।

বাছাইয়ের স্থান, তারিখ ও সময়

বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুরে প্রার্থী বাছাই হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনে উল্লিখিত মোবাইল নম্বরে এসএমএসের মাধ্যমে তারিখ জানিয়ে দেওয়া হবে।

প্রার্থী বাছাই

নির্বাচনের ক্ষেত্রে প্রার্থীদের পর্যায়ক্রমে প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা, লিখিত পরীক্ষা এবং চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা গ্রহণ করা হবে। পরবর্তী সময়ে পুলিশ ভিআর-সম্পন্ন হওয়ার পর সঠিক তদন্ত প্রতিবেদনপ্রাপ্তি সাপেক্ষে নিয়োগপত্র দেওয়া হবে।

প্রয়োজনীয় কাগজপত্র

যাচাই-বাছাইয়ে অংশগ্রহণের জন্য প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি, ৬ (ছয়) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ,

জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, অভিভাবক কর্তৃক স্বাক্ষরিত সম্মতিসূচক সনদ, যা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রতি স্বাক্ষরিত, প্রার্থী অবিবাহিত মর্মে ইউনিয়ন পরিষদ বা পৌরসভার চেয়ারম্যান বা সিটি করপোরেশনের ক্ষেত্রে ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ, প্রিন্ট করা আবেদনপত্র ও প্রবেশপত্র এবং প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কলম সঙ্গে আনতে হবে।

প্রশিক্ষণ

নির্বাচিত প্রার্থীদের বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুরে প্রশিক্ষণ নিতে হবে। ট্রেইনি রিক্রুট সিপাহি হিসেবে ছয় মাস মেয়াদি মৌলিখ প্রশিক্ষণে অংশগ্রহণ করে সন্তোষজনকভাবে সমাপ্ত করতে হবে। প্রশিক্ষণকালীন বিধি মোতাবেক পোশাক সামগ্রীসহ থাকা–খাওয়া ও চিকিৎসা সুবিধা প্রাপ্য হবেন।

নিয়োগ ও চাকরির সুবিধা

সাফল্যের সঙ্গে প্রশিক্ষণ সম্পন্নকারী সদস্যদের ১৭তম গ্রেডে ৯,০০০–২১,৮০০ টাকা স্কেলে বেতন দেওয়া হবে। এ ছাড়া বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য বেতন–ভাতাদিসহ আনসার ব্যাটালিয়নের সিপাহি পদে নিয়োদ দেওয়া হবে। ট্রেইনি রিক্রুট সিপাহি পদে নির্বাচিত প্রার্থীর মৌলিক প্রশিক্ষণ সমফলভাবে শেষে আনসার ব্যাটালিয়নে যোগদানের তারিখ থেকে তাঁর দুই বছরের শিক্ষানবিশকাল শুরু হবে। দুই বছর সন্তোষজনকভাবে চাকরি পূর্ণ হলে তাঁর সিপাহি পদে স্থায়ী করা হবে।

নিয়োগপ্রাপ্ত প্রার্থীরা বিনা মূল্যে পোশাকসামগ্রী, ঝুঁকি ভাতা, চিকিৎসা সুবিধা এবং পারিবারিক রেশনসামগ্রী প্রাপ্য হবেন।

আবেদনের শেষ সময়: ১২ এপ্রিল ২০২৫।

সূত্র: যুগান্তর